পাঠ ৩

# আমার বাড়ি আমার কাজ



## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

- প্রমিত বাংলায় বলা কথোপকথন, আলোচনা শুনে বুঝতে পারা।
- পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন), বাক্য স্পষ্ট করে বলতে পারা।
- পরিচিত পরিবেশে প্রশ্ন-উত্তর এবং সম্বোধন ও অনুরোধ করতে পারা।

## পাঠের শিখনফল

২.২.১ পরিচিত পরিবেশনির্ভর কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পারব।
৫.২.২ স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারব।
৫.২.৩ প্রশ্নবোধক বাক্য বলতে পারব।
৬.১.১ স্পষ্ট স্বরে পরিচিতিমূলক প্রাসঙ্গিক বাক্য বলতে পারব।

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | |
|---|---|---|---|---|
| বাড়ি | পরিষ্কার | কাপড় | গোছানো | মিলেমিশে |

## ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

চলো, পারি কি না দেখি

### ১ বলি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬

**প্রশ্ন ক. মা কী কী কাজের কথা বললেন?**

**উত্তর :** মা ঘর-বাড়ি পরিষ্কার করা ও কাপড় গোছানোর কথা বললেন।

**প্রশ্ন খ. তুলি কী কাজ করবে?**

**উত্তর :** তুলি বাবার সাথে বাজারে যাবে।

**প্রশ্ন গ. তপু কী কাজ করতে চাইল?**

উত্তর : তপু মায়ের সাথে ঘর-বাড়ি পরিষ্কার করতে এবং কাপড় গোছাতে চাইল।

**প্রশ্ন ঘ. বাজারে গিয়ে তুলি কী করবে?**

উত্তর : বাজারে গিয়ে তুলি বাবার সাথে কেনাকাটা করবে।

**প্রশ্ন ঙ. এ পাঠ থেকে আমরা কী শিখলাম?**

উত্তর : এ পাঠ থেকে আমরা শিখলাম, পরিবারের সকল সদস্যের দায়িত্ব রয়েছে। সবাই মিলে কাজ করলে কঠিন কাজও সহজ হয়ে যায়।

বাংলা

**ঠিকভাবে বলি** ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭

| | | |
|---|---|---|
| আমি | ভাত | খাই/খাও/খায়। |
| তুমি | বই | পড়ি/পড়ো/পড়ে। |
| সে | বল | খেলি/খেলো/খেলে। |
| তুলি | বাজারে | যাই/যাও/যায়। |
| বাবা | কাজ | করি/করো/করেন। |

উত্তর :

আমি ভাত **খাই**।
তুমি বই **পড়ো**।
সে বল **খেলে**।
তুলি বাজারে **যায়**।
বাবা কাজ **করেন**।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. শিক্ষকের কাছে ছবিটি সম্পর্কে শুনে বাক্য লেখ।**

**উত্তর :**



ছবিতে দেখা যাচ্ছে, বাবা-মা ও তাদের ছেলেমেয়ে। এছাড়াও রয়েছে বাড়ি এবং গাছপালা। ছেলেটি তার মায়ের সাথে রয়েছে। মেয়েটি বাবার সাথে বাজারে যাচ্ছে।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ২. মা কাকে ডাকলেন?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২৪

উত্তর : মা তুলিকে ডাকলেন।

**প্রশ্ন ৩. কে বাজারে যাওয়ার কথা বললেন?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২৪

উত্তর : বাবা বাজারে যাওয়ার কথা বললেন।

**প্রশ্ন ৪. কে বাজারে যেতে চায়?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২৪

উত্তর : তুলি বাজারে যেতে চায়।

**প্রশ্ন ৫. সবাই মিলে কাজ করব— কথাটি কে বললেন?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২৪

উত্তর : সবাই মিলে কাজ করব— কথাটি মা বললেন।

**প্রশ্ন ৬. মিলেমিশে কাজ করলে কী হয়?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২৪

উত্তর : মিলেমিশে কাজ করলে কাজ সহজ হয়।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ৭. পাঠ্যবই থেকে প্রশ্নবোধক বাক্য খুঁজে বের করে লেখ।**

উত্তর : ক. বাবা : কী করবে?
খ. তুলি : কী কাজ, মা?

### লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ৮. 'মিলেমিশে করি কাজ' শিরোনামে পাঁচ বাক্যের একটি অনুচ্ছেদ লেখ।**

উত্তর : **মিলেমিশে করি কাজ**

বিভিন্ন প্রয়োজনে আমরা বিভিন্ন কাজ করি। আমাদের পরিবারেও অনেক কাজ করি। মিলেমিশে যেকোনো কাজ সহজেই করা যায়। মিলেমিশে কাজ করলে সফলতা অনিবার্য। মিলেমিশে কোনো কাজ করলে তাতে আনন্দও আছে।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/ পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/ অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | প্রমিত উচ্চারণ জানে। | | | |
| দক্ষতা | পরিচিত পরিবেশ সম্পর্কিত কথোপকথনের বিষয়বস্তু বলতে পেরেছে। | | | |
| | সঠিকভাবে বাক্য বলতে পেরেছে। | | | |
| | প্রশ্নবোধক বাক্য বলতে পেরেছে। | | | |
| | সঠিকভাবে পরিচিতিমূলক স্পষ্ট বাক্য বলতে পেরেছে। | | | |
| মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি | আগ্রহের সাথে অভিনয়ে অংশগ্রহণ করতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :.............

শিক্ষার্থীর নাম : ................................ শ্রেণি : ................................ রোল নম্বর : ☐

**১। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**

ক. মা কী কী কাজের কথা বললেন?

খ. বাজারে গিয়ে তুলি কী করবে?

গ. এ পাঠ থেকে আমরা কী শিখলাম?

ঘ. কে বাজারে যেতে চায়?

ঙ. মিলেমিশে কাজ করলে কী হয়?

**২। ঠিকভাবে লেখ।**

আমি ভাত খাই/খাও/খায়।

তুমি বই পড়ি/পড়ো/পড়ে।

সে বল খেলি/খেলো/খেলে।

তুলি বাজারে যাই/যাও/যায়।

বাবা কাজ করি/করো/করেন।

### উত্তরমালা

**১** ▸ ক. মা ঘর-বাড়ি পরিষ্কার করা ও কাপড় গোছানোর কথা বললেন।

খ. বাজারে গিয়ে তুলি বাবার সাথে কেনাকাটা করবে।

গ. এ পাঠ থেকে আমরা শিখলাম, পরিবারের সকল সদস্যের দায়িত্ব রয়েছে। সবাই মিলে কাজ করলে কঠিন কাজও সহজ হয়ে যায়।

ঘ. তুলি বাজারে যেতে চায়।

ঙ. মিলেমিশে কাজ করলে কাজ সহজ হয়।

**২** ▸ আমি ভাত **খাই**।

তুমি বই **পড়ো**।

সে বল **খেলে**।

তুলি বাজারে **যায়**।

বাবা কাজ **করেন**।

মূল্যায়ন রিপোর্ট ▶ প্রাপ্ত নম্বর ☐ শিখনের অর্জিত মাত্রা ☐